বিধ্বংসী।। ২৩ রানে তিন উইকেট নিয়ে কিংস ইলেভেনের টপ অর্ডারকে একাই ধসিয়ে দিলেন উমেশ যাদব।

উমেশকে নিয়ে উচ্ছ্বসিত পার্থিব

বিরাট জয়ের দিনে কোহলির রেকর্ড

ইন্দোর, ১৫ মে ঃ সোমবার ইন্দোরে হোলকার স্টেডিয়ামে কিংস ইলেভেন পাঞ্জাবকে ১০ উইকেটে হেলায় হারিয়ে প্লে-অফের দৌড়ে ফিরে এসেছে বিরাটের রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর। গেইলদের বল হাতে চুপ করিয়ে দিলেন আরসিবি পেসার উমেশ যাদব। অন্যদিকে, দলের জয়ের দিনে রেকর্ড বুকে নাম তুললেন অধিনায়ক বিরাটও। প্রথম ক্রিকেটার হিসেবে পাঁচবার আইপিএল আসরে ৫০০-র বেশি রান করার অনন্য নজির গড়লেন তিনি।

এই তালিকায় বিরাট কোহলির পরেই রয়েছেন নির্বাসিত অসি তারকা ডেভিড ওয়ার্নার (৪)। শুধু ৫০০ রান নয়, ২০১৬ সালে আইপিএলের আসরে ৯০০-র বেশি রান করে নজির গড়েছেন কোহলি। তবে ব্যক্তিগত রেকর্ড নয়, বিরাটের গলায় শুধুই সোমবারের জয়ের রেশ। কিংস ইলেভেনের বিরুদ্ধে দলের বোলারদের পারফরম্যান্সে মুগ্ধ আরসিবি অধিনায়ক। তিনি বলেন, 'গেইল-রাহুল সমৃদ্ধ কিংস ইলেভেন হয়তো আমাদের হালকাভাবে নিয়েছিল। কিন্তু আমাদের বোলাররা দারুণ প্রত্যাঘাত করেছে। উমেশের দুরন্ত বোলিংয়ের কোনো জবাবই ছিল না বিপক্ষের কাছে।' পাশাপাশি কোহলি আরও বলেন, 'আমরা যে জায়গায় দাঁড়িয়ে আছি, সেখান থেকে আর হারানোর কিছু নেই। এই ভয়ডরহীন মনোভাব বিপক্ষের কাছে চিন্তার কারণ হতে পারে। আমি মনেকরি আমাদের এখনও প্লে-অফে খেলার আশা রয়েছে। তবে আমরা শুধু সামনের ম্যাচে জয় নিয়ে ভাবছি। বাকি দুটি ম্যাচ জেতাই আমাদের লক্ষ্য।'

প্রসঙ্গত, আরসিবির হয়ে সোমবার গেইল-কেএল রাহুল সহ ৩টি উইকেট নেন উমেশ। তার আগুনে বোলিংয়ের সুবাদেই মাত্র ৮৮ রানে গুটিয়ে যান অশ্বীনরা। কোনো উইকেট না খুঁইয়ে ১১.৫ বলে প্রয়োজনীয় রান তুলে নেয় কোহলি-পার্থিব জুটি। এই জয়ের সুবাদে নেট রানরেটেও উন্নতি ঘটল আরসিবির। ১২ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের ৭ নম্বরে বিরাটরা। নেট রানরেট ০.২১৮। উমেশের বোলিংয়ের প্রশংসা করে দলের উইকেটরক্ষক পার্থিব বলেন, 'উমেশ দুরন্ত ছন্দে রয়েছে। চলতি আইপিএলে ১৭টি উইকেট ওর দখলে। জাতীয় নির্বাচকরা ইংল্যান্ড সফরে একদিনের দলে ও টি২০ দলে ওকে দলে রেখেছেন। আমার বিশ্বাস ওখানেও দুরন্ত ছন্দে উমেশকে পাওয়া যাবে।'

অনুষ্কার বার্তায় উজ্জীবিত রয়্যাল চ্যালেঞ্জার্স

মুম্বই, ১৫ মে ঃ গায়ে বিরাটের নাম লেখা জার্সি, সঙ্গে বার্তা, 'কাম অন বয়েজ।' স্ত্রী অনুষ্কার এই বার্তাই কি তাতিয়ে দিয়েছিল বিরাটকে। কিংস ইলেভেনের বিরুদ্ধে যেভাবে ঝলসালো বিরাট এবং তার দল, তাতে সেই যুক্তি উড়িয়ে দেওয়া যায় না। অশ্বীনদের উড়িয়ে প্রিয় অনুষ্কাকে পালটা বার্তায় রয়্যাল চ্যালেঞ্জার্স ক্যাপটেন বিরাট বলেন, 'প্রিয়তমা, আমরা সেই লক্ষ্যে এগিয়ে চলেছি।' প্রসঙ্গত, মাঠে হোক কিংবা মাঠের বাইরে বিরাটের উৎসাহদাতার ভূমিকায় বরাবর সপ্রতিভ বলিউড অভিনেত্রী। 'জিরো'র শুটিংয়ে ব্যস্ত থাকলেও তার মন পড়ে যে 'হিরো' বিরাটের খেলায়,তা অনুষ্কার টুইটেই পরিষ্কার। বিরাটও কিছু কম যান না। স্ত্রীর মান রেখে দলকে জয়ের ছন্দে ফেরালেন তিনি।

ইপিএলে আগামী মরশুমেও গোল্ডেন বুট চান সালাহ

লন্ডন, ১৫ মে ঃ প্রিমিয়ার লিগে প্রথম মরশুমে নেমেই ৩২ গোল করে তাক লাগিয়ে দিয়েছেন। যার পুরস্কার স্বরূপ প্রিমিয়ার লিগের গোল্ডের বুটটাও তাঁর দখলে এসেছে। তবে এক মরশুমে ধুমকেতুর উত্থানের পর মিলিয়ে যাওয়ার ঘটনা একাধিক রয়েছে। কিন্তু হারিয়ে যাওয়া নয়, এবারের ধারাবাহিকতা বজায় রেখে আসন্ন মরশুমে আবারও ইপিলে গোল্ডেন বুট জিততে চান লিভারপুলের তারকা স্ট্রাইকার মহম্মদ সালাহ্।

৩৮ লিগের ইপিএলে প্রথম ফুটবলার হিসেবে ৩২ গোল করে রেকর্ড গড়া মিশরের এই তারকা এপ্রসঙ্গে বলেছেন, 'আসন্ন মরশুমেও আমি নিজের সেরাটা দেব। আসন্ন মরশুমেও আবার গোল্ডেন বুট জিততে চাই। চলতি মরশুমে পাওয়া তিনটি পুরস্কারের মধ্যে গোল্ডেন বুটটা স্পেশাল। তবে ব্যক্তিগত টার্গেট নয়, দলকে জেতানোর জন্যই মাঠে নেমেছি। আমার গোলগুলি দলের কাজে লেগেছে সেটাতে সবচেয়ে বেশি খুশি হয়েছি আমি।' ২০১৭-১৮তে প্রথমবার প্রিমিয়ার লিগে গোটা মরশুম খেললেও বছর চারেক আগে চেলসির জার্সিতে প্রিমিয়ার লিগে অভিষেক হয়েছিল সালাহর। কিন্তু পর্যাপ্ত সুযোগ না পাওয়ায় মরশুমের মাঝপথেই লোনে ফিওরেন্তিনাতে চলে যান তিনি। ফলে চলতি মরশুমের শুরুতে প্রিমিয়ার লিগে ফিরে আসার সময় ইংল্যান্ডের মাটিতে সাফল্যকেই প্রধান টার্গেট করেছিলেন ২৫ বছরের সালাহ। তাঁর কথায়, 'ইংল্যান্ডের মাটিতে সফল হতে হবে-এই ভাবনাই সবসময় কাজ করত। ১০০ শতাংশ দিয়েছি। সত্যিই মরশুমটা দুর্দান্ত কাটল।'

সালাহর কাছে হেরেই গোল্ডেন বুট হাতছাড়া হলেও মিশরের তারকার প্রশংসা টটেনহ্যাম হটস্পারের স্ট্রাইকার হ্যারি কেনের গলায় ঝরে পড়েছে। ইপিলে গত দুই মরশুমে এই পুরস্কারের মালিক কেন এপ্রসঙ্গে বলেছেন, 'সালাহর এই মরশুমটা দুর্দান্ত কাটল। যোগ্য হিসেবেই গোল্ডেন বুটটা ও পেয়েছে। যেকেউই ধারাবাহিকভাবে এটা পেতে চাইবে। মো-র মধ্যে তারকা হওয়ার সব গুন রয়েছে। ফলে আসন্ন মরশুমে ওর সঙ্গে লড়াইটা আবার জমবে।'

ব্রাজিল বিশ্বকাপের নায়ক গোৎজে নেই জার্মান দলে

বার্লিন, ১৫ মে ঃ জার্মানির বিশ্বকাপ দল থেকে বাদ পড়লেন মারিও গোৎজে। গতবার ব্রাজিল বিশ্বকাপের ফাইনালে আর্জেন্টিনার বিরুদ্ধে অতিরিক্ত সময়ে গোল করে জার্মানিকে বিশ্বচ্যাম্পিয়ন করেছিলেন গোৎজে। আপাতত খারাপ ফর্মের জেরে অবশ্য তাকে বাদ দিয়েই রাশিয়া বিশ্বকাপের প্রাথমিক দল ঘোষণা করলেন জোয়াকিম লো। সম্প্রতি ২০২২ পর্যন্ত জার্মানির হেডস্যারের পদে চুক্তি বাড়ানো লো অবশ্য দলে রেখেছেন ম্যানুয়েল ন্যুয়ের ও জেরম বোয়েতাংকে। বেয়ার্ন মিউনিখের দুই খেলোয়াড়েরই চোটের জেরে বিশ্বকাপে খেলার সম্ভাবনা কার্যত নেই। বরুশিয়া ডর্টমুন্ডের মার্কো রিউস গত বিশ্বকাপে চোটের জেরে খেলতে পারেননি, এবারে দলে রয়েছেন তিনি। অবশ্য রিউসের অভিন্নহৃদয় বন্ধু গোৎজেকে খারাপ ছন্দের জেরে বাদ পড়তে হয়েছে। লো জানিয়েছেন, 'চলতি মরশুমটা ওর খুব একটা ভালো যায়নি। দারুণ প্রতিভাবান ফুটবলার হলেও মাঠে নেমে এই মরশুমে তার প্রতিফলন ঘটাতে পারেনি। ব্যক্তিগতভাবে গোৎজের জন্য খুব খারাপ লাগছে।' জার্মানির এক নম্বর গোলরক্ষক ম্যানুয়েল ন্যুয়ের গত সেপ্টেম্বর থেকে মেটাটারসালে চোটের জেরে মাঠে নামতে পারেননি। বেয়ার্ন কোচ জাপ হেঙ্কেসও মনে করছিলেন, বিশ্বকাপে তার খেলার সম্ভাবনা প্রায় নেই। অবশ্য তাকে প্রাথমিক দলে রাখার ব্যাপারে লো বলেছেন, 'ম্যানুয়েলের সঙ্গে সবসময় যোগাযোগ রেখে চলেছি আমরা। মিউনিখে দলের সঙ্গে আপাতত পুরোদমে অনুশীলন করছে ও। মাঝে ওকে কিছুটা দেখে নিতে চাই। তবে অবশ্যই বিনা প্রস্তুতিতে বিশ্বকাপে খেলতে নামা যায় না।' ২৩ মে ইতালির বিরুদ্ধে প্রীতি ম্যাচ খেলার প্রস্তুতি নিচ্ছে জার্মান দল। দলে ডাক পেয়েছেন ছন্দে থাকা তরুণ স্ট্রাইকার টিমো ওয়ের্নার। আর প্রাথমিক দলে চমক ফ্রেইবার্গের তরুণ স্ট্রাইকার নিলস পিটারসেন। ৪ জুন বিশ্বকাপের চূড়ান্ত দল ঘোষণা করবে জার্মানি।

এদিকে, তুরস্কের প্রেসিডেন্ট রেসেপ তায়িপ এর্দোগানের সঙ্গে ছবি তুলে জার্মান ফুটবল বোর্ডের রোষের মুখে পড়েছেন মেসুট ওজিল ও ইকের গুন্দোগান। তুরস্কজাত হলেও দুই ফুটবলারেরই জন্ম জার্মানিতে। তুরস্কের প্রেসিডেন্ট ফুটবলারদের সঙ্গে ছবি তুলে তার নির্বাচনি প্রচারে বাজেভাবে কাজে লাগান, তাই ফুটবলাররা তার সঙ্গে ছবি তুলে ঠিক কাজ করেননি বলে সাফ জানিয়ে দিয়েছে জার্মান ফুটবল সংস্থা। ফুটবলারদের সমঝে দিলেও তাদের বিশ্বকাপের দলে রাখার ব্যাপারে কোনো নিষেধাজ্ঞা জারি করা হয়নি। জোয়াকিম লো-র দলের মূল স্তম্ভ এই দুই মিডফিল্ডার।

বিশ্বকাপের জন্য জার্মানির প্রাথমিক দল

গোলরক্ষক

ম্যানুয়েল ন্যুয়ের, মার্ক-আন্দ্রে টের স্টেগেন, কেভিন ট্রাম্প, বার্নার্ড লেনো।

ডিফেন্ডার

জেরম বোয়েতাং, ম্যাথিয়াস গিন্টার, জোনাস হেক্টর, ম্যাট হামেলস, জোসুয়া কিমিচ, মার্ভিন প্লাটেনহার্ডেট, অ্যান্টোনিও রুডিগার, নিকোলাস সুলে, জোনাথন টা।

মিডফিল্ডার

জুলিয়ান ব্র্যান্ডট, জুলিয়ান ড্র্যাক্সলার, ইকের গুন্দোগান, সামি খেদিইরা, টনি ক্রুস, লিওন গোরেৎজকা, মার্কো রিউস, সেবাস্তিয়ান রুডি।

স্ট্রাইকার

লেরয় সানে, নিলস পিটারসেন, মারিও গোমেজ, টিমো ওয়ের্নার, টমাস মুলার।

একনজরে ২০১৮ রাশিয়া বিশ্বকাপের দল নির্বাচন

ভরসার নাম মো

কায়রো, ১৫ মে ঃ ইংলিশ প্রিমিয়ার লিগে সেরা খেলোয়াড়ের সম্মান পেয়েছেন। বল পায়ে ভেঙেছেন রোনাল্ডো-শিয়েরারদের রেকর্ড। আফ্রিকার সেরা খেলোয়াড়ের তকমাও তার দখলে। তিনি মহম্মদ সালাহ্। যাকে মো বলেই চেনে ফুটবল বিশ্ব। ২৮ বছর পর বিশ্বকাপ মঞ্চে দেখতে পাওয়া যাবে তার দেশ মিশরকে। সালাহর কাঁধেই নির্ভর করছে মিশরের সাফল্য।

নেতৃত্বে সন

সিওল, ১৫ মে ঃ আসন্ন রাশিয়া বিশ্বকাপে দক্ষিণ কোরিয়ার নেতৃত্বে দেখা যাবে স্পার্স তারকা সন-হিউন-মিনকে। তবে প্রাথমিক দল নির্বাচনে সবচেয়ে বড়ো চমক কোচ সিন-তে-ইয়ংয়ের ১২ জন ডিফেন্ডারকে নির্বাচন। ২০০২ সালের সেমিফাইনালিস্ট দক্ষিণ কোরিয়ার সাফল্য নির্ভর করছে সনের পারফরম্যান্সের উপর।

আর্জেন্টিনার চমক ইকার্ডি

বুয়েন্স আয়ার্স, ১৫ মে ঃ ঘরোয়া ফুটবলে ভালো খেলার সুফল পেলেন আর্জেন্টাইন তারকা মৌরো ইকার্ডি। বিশ্বকাপের সম্ভাব্য ৩৫ জনের আর্জেন্টিনা দলে জায়গা করে নিলেন ইন্টার মিলানের এই স্ট্রাইকার। ২১ তারিখ বিশ্বকাপের জন্য ২৩ জনের দল ঘোষণা করবেন কোচ জর্জে সাম্পাওলি। গ্রুপ বি-তে ক্রোয়েশিয়া, নাইজিরিয়া এবং আইসল্যান্ডের সঙ্গে রয়েছেন মেসিরা।

অভিজ্ঞতা-তারুণ্যই ভরসা

পানামা সিটি, ১৫ মে ঃ অভিজ্ঞতা আর তারুণ্যের মিশেলের উপরই বিশ্বকাপে ভরসা রাখছেন পানামা কোচ দারিয়ো গোমেজ। দলে একাধিক বর্ষীয়ান খেলোয়াড়ের পাশাপাশি জায়গা করে নিয়েছেন মাইকেল মুরিলো, কামিন্সের মতো যুব তারকারা।

বুড়ো হাড়ে ভেলকি

মেক্সিকো সিটি, ১৫ মে ঃ লোথার ম্যাথিউজ-অ্যান্টোনিও কার্ভাহালদের ছোঁয়ার সুযোগ মেক্সিকান তারকা রাফায়েল মার্কুয়েজের সামনে। রাশিয়া বিশ্বকাপের সম্ভাব্য ২৮ জনের তালিকায় ৩৯ বছরের মার্কুয়েজকে রেখেছেন মেক্সিকো কোচ জুয়ান কার্লোস ওসোরিয়ো। চূড়ান্ত ২৩ জনের দলে থাকতে পারলে পাঁচবার বিশ্বকাপে খেলার নজির গড়বেন এই মেক্সিকান মিডফিল্ডার।

নির্বাসনের কাঁটা

লিমা, ১৫ মে ঃ রাশিয়া বিশ্বকাপের প্রাথমিক দলে থাকলেও বিশ্বকাপে খেলা হচ্ছে না পেরুর অধিনায়ক পাওলো গুয়েররোর। তার উপর নির্বাসনের সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত নিল কোর্ট অফ আর্বিট্রেশন ফর স্পোর্টস (সিএএস)। গতবছরই ডোপিংয়ের দায়ে একবছর নির্বাসিত করা হয়েছিল পেরুর এই তারকা ফুটবলারকে। যদিও শাস্তি কমানোর আবেদন করায় তার মেয়াদ কমিয়েছিল ফিফা। যদিও ফের বিশ্বকাপের আগেই তার উপর শাস্তির মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিল সিএএস কর্তৃপক্ষ।

বিশ্বকাপে ব্রাজিল

হরিপ্রসাদ চট্টোপাধ্যায়

আর মাত্র ২৯ দিন বাকি। তার পরেই ১৪ জুন থেকে রাশিয়ার মাটিতে শুরু হচ্ছে ২১তম বিশ্বকাপ ফুটবল প্রতিযোগিতা। এটাই উপযুক্ত সময় বিশ্বকাপের সেরা দলগুলির উপর আলোকপাত করার। আর এই আলোকপাতের পর্বে সবার আগে থাকবে ব্রাজিলই। তারাই একমাত্র দেশ, যারা সব কটা বিশ্বকাপে খেলতে চলেছে। পরিসংখ্যান নীচে তুলে ধরছি ঃ

চ্যাম্পিয়ন ঃ ১৯৫৮, ১৯৬২, ১৯৭০, ১৯৯৪, ২০০২
রানার্স ঃ ১৯৫০, ১৯৯৮
তৃতীয় ঃ ১৯৩৮, ১৯৭৮
চতুর্থ ঃ ১৯৭৪, ২০১৪
কোয়ার্টার ফাইনাল ঃ ১৯৫৪, ১৯৮৬, ২০০৬, ২০১০
প্রিকোয়ার্টার ফাইনাল ঃ ১৯৯০
দ্বিতীয় রাউন্ড ঃ ১৯৮২
প্রথম রাউন্ড এবং গ্রুপ পর্ব থেকে বিদায় ঃ ১৯৩০, ১৯৩৪, ১৯৬৬

বিশ্বকাপে ব্রাজিলের মোট পারফরম্যান্স

ম্যাচ	জয়	ড্র	হার	পক্ষে গোল	বিপক্ষে গোল
১০৪	৭০	১৭	১৭	২২১	১০২

২০০২ সালে বিশ্বকাপ জয়ের পর রোনাল্ডোরা।

একটি টুর্নামেন্টে সর্বোচ্চ গোল ঃ ম্যাচ-৬, গোল-২২, সাল-১৯৫০
বৃহত্তম জয় ঃ ৭-১ বনাম সুইডেন, ফাইনাল রাউন্ড, ১৯৫০
সবচেয়ে বাজে হার ঃ ১-৭ বনাম জার্মানি, সেমিফাইনাল, ২০১৪

কাল থামতে পারে বুফোঁর পথচলা

রোম, ১৫ মে ঃ গত মরশুমে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে হারের পর তিনি জানিয়েছিলেন, চলতি মরশুমে ইউরোপের সেরা ট্রফি জিততে না পারলে বুটজোড়া তুলে রাখবেন। চলতি চ্যাম্পিয়ন্স লিগের কোয়ার্টার ফাইনাল থেকেই বিদায় নিয়েছে জুভেন্তাস। বৃহস্পতিবার তিনিও হঠাৎ করেই সাংবাদিক সম্মেলন ডেকেছেন। ফলে দুইয়ে দুইয়ে চার হওয়ার আশঙ্কায় রয়েছে ফুটবল বিশ্ব। আর সেটা যদি সত্যি হয় তাহলে বৃহস্পতিবারই অবসর নিতে চলেছেন ইতালির বর্ষীয়ান গোলরক্ষক জিয়ানলুইগি বুফোঁ। জুভেন্তাসও বুফোঁর সাংবাদিক সম্মেলনের কথা স্বীকার করে নিয়েছে। কিন্তু সেখানে কোন বিষয়ে ইতালির অধিনায়ক কথা বলবেন সেটা তারা চূড়ান্ত করতে পারেনি।

বিশ্বকাপের ঘণ্টা

২৯ দিন

FIFA WORLD CUP RUSSIA 2018

নেইমারকে নিয়ে বিশ্বকাপে ব্রাজিল

রিও ডি জেনেরো, ১৫ মে ঃ চলতি বছরের ফেব্রুয়ারিতে মার্সেই ফুটবলারের তাঁকে করা একটা ট্যাকল ব্রাজিলের সমর্থকদের কাঁপিয়ে দিয়েছিল। অস্ত্রোপচার হলেও মাস চারেকের রিহ্যাবে ব্রাজিলের সেরা তারকাকে বিশ্বসেরার মঞ্চে পাওয়া যাবে কিনা তা নিয়ে সংশয় ছিল। কিন্তু অনুমানের থেকে আগেই সুস্থ হয়ে ওঠায় এহেন সেলেকাও অধিনায়ক নেইমারকে রেখেই আগামী মাসের রাশিয়া বিশ্বকাপের ২৩ জনের দল ঘোষণা করলেন ব্রাজিলের কোচ টিটে। নেইমারের অন্তর্ভূক্তি প্রত্যাশিত হলেও দুটি নির্বাচন বিশেষজ্ঞদের অবাক করেছে। গত সপ্তাহের ফ্রেঞ্চ কাপের ফাইনালে চোট পাওয়া অভিজ্ঞ রাইটব্যাক দানি আলভেজের পরিবর্তে কোরিন্থিয়ান্সের ফ্যাগনারকে ডেকে নেওয়া হয়েছে। যদিও প্রথম একাদশে আলভেজের অভাব পূরণের জন্য ম্যাঞ্চেস্টার সিটির ড্যানিলো নিশ্চিতভাবেইএগিয়ে রয়েছেন। পাশাপাশি মাঝমাঠে ক্যাসেমিরো, পাওলিনহো, উইলিয়ান, ফিলিপ কুটিনহোদের পাশে ফ্রেডের নামটা কিছুটা বেমানান। ডিফেন্সে আলভেজের পাশাপাশি চেলসির সেন্টার ব্যাক দাভিদ লুইসকেও পাওয়া যাবে না। ফলে সেন্ট্রাল ডিফেন্সে পিএসজি-র থিয়াগো সিলভার সঙ্গে সম্ভবত ইন্টার মিলানের মিরান্ডা শুরু করবেন। আপফ্রন্টে নেইমারের সঙ্গী হতে পারেন ম্যান সিটির গ্যাব্রিয়েল জেসাস। তবে চলতি মরশুমে লিভারপুলের জার্সিতে রবার্তো ফার্মিনহো যে ফর্মে রয়েছেন তাতে টিটে ফর্মেশন পাল্টালে অবাক হওয়ার থাকবে না। নেইমার প্রসঙ্গে ব্রাজিলের ডাক্তার রডরিগো লাসমার বলেছেন, 'নেইমার রিহ্যাবের শেষ পর্যায়ে রয়েছে। শীঘ্রই ও ট্রেনিং শুরু করতে পারবে। বিশ্বকাপের আগে ফ্রেন্ডলিতে নামতেও ওর অসুবিধা হবে না।' বিশ্বকাপের স্কোয়াড প্রসঙ্গে টিটের বক্তব্য, 'নেইমার ফেরায় দল অনেক বেশি শক্তিশালী হয়েছে। কিন্তু বাকিদেরও ভালো পারফর্ম করতে হবে। স্কোয়াডে বিভিন্ন পজিশনে একাধিক বিকল্প রয়েছে। ফলে সেরা একাদশ নামানোই আমার প্রধান লক্ষ্য।'

ব্রাজিলের স্কোয়াড

গোলরক্ষক ঃ অ্যালিসন (এএস রোমা), এডারসন মোয়ারেস (ম্যাঞ্চেস্টার সিটি), ক্যাসিও (কোরিন্থিয়ান্স)। **ডিফেন্ডার ঃ** ড্যানিলো (ম্যাঞ্চেস্টার সিটি), ফ্যাগনার (কোরিন্থিয়ান্স), থিয়াগো সিলভা (পিএসজি), মিরান্ডা (ইন্টার মিলান), মারকুইনোস (পিএসজি), পেড্রো জেরোমেল (গ্রেমিও), মার্সেলো (রিয়াল মাদ্রিদ), ফিলিপ লুইজ (অ্যাটলেটিকো মাদ্রিদ)। **মিডফিল্ডার ঃ** ক্যাসেমিরো (রিয়াল মাদ্রিদ), পাওলিনহো (বার্সেলোনা), ফার্নান্ডিনহো (ম্যাঞ্চেস্টার সিটি), রেনাতো অগাস্টো (বেজিং গুয়াং), ফিলিপ কুটিনহো (বার্সেলোনা), ফ্রেড (শাখতার ডোনেস্ক), উইলিয়ান (চেলসি)। **স্ট্রাইকার ঃ** নেইমার (পিএসজি), রবার্তো ফার্মিনহো (লিভারপুল), গ্যাব্রিয়েল জেসাস (ম্যাঞ্চেস্টার সিটি), ডগলাস কোস্তা (জুভেন্তাস), টাইসন (শাখতার ডোনেস্ক)।

অনুষ্ঠান নানা চ্যানেলে

ফুলেশ্বরী কি বৃন্দাবনের কাছে পারবে আত্মসমর্পণ করতে? **ফুলেশ্বরী** সন্ধে ৭টায়, আকাশ আটে

খেলা

স্টার স্পোর্টস ওয়ান/এইচডি/স্টার স্পোর্টস সিলেক্ট ওয়ান/এইচডি/স্টার জলসা মুভিজ ঃ রাত ৮.০০ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ, মুম্বই ইন্ডিয়ান্স বনাম কিংস ইলেভেন পাঞ্জাব, ওয়াংখেড়ে স্টেডিয়াম, মুম্বই থেকে দেখুন সরাসরি

ডিডি বাংলা

সকাল ৭.০০ সকাল সকাল, ৮.০০ স্বর্ণযুগের গান, ১০.০০ সাঁওতালি অনুষ্ঠান, দুপুর ২.০০ সংবাদ, ২.৩০ আজকের রান্না, বিকেল ৩.০০ অর্থনীতির দুনিয়া, ৪.০০ মন নিয়ে, ৪.৫৫ পাঁচ মিনিটে পনেরোটি খবর, ৫.৩০ কৃষি দর্শন, সন্ধে ৬.০০ ক্যামেরা চলছে, ৬.৩০ প্রযুক্তি তক্কো গপ্পো, ৭.৩০ যুক্তি তক্কো, রাত ৮.৩০ গান অন্তহীন, ১০.০০ সংবাদ প্রবাহ

ভালুক মায়ের সঙ্গে বাচ্চার খুনশুটির অসাধারণ দৃশ্য দেখুন **স্যাভেজ সাগাস** অনুষ্ঠানে রাত ৯টায়, অ্যানিম্যাল প্ল্যানেটে

বালি ঈশ্বরের বাসভূমি। এই দ্বীপের খাবারের স্বাদ আপনাকে মুগ্ধ করবেই। **ফুডিক্টেড** সন্ধে সাড়ে ৭টায়, **ট্র্যাভেল এক্সপিতে**

ডিডি বাংলা ঃ বেলা ১১.০৫ শুভ বিবাহ

কালার্স বাংলা ঃ বিকেল ৩.০০ বিশ্বাস অবিশ্বাস

জলসা মুভিজ ঃ দুপুর ১২.০০ মন মানে না, বিকেল ৩.৩০ নাটের গুরু

জি বাংলা সিনেমা ঃ দুপুর ১২.০০ রক্তে লেখা, বিকেল ৩.০০ সুন্দর বউ, সন্ধে ৬.০০ অন্ধ বিচার, রাত ৯.০০ চিতা

জি সিনেমা ঃ দুপুর ১২.০০ এক রিস্তা ঃ দ্য বন্ড অফ লভ, বিকেল ৩.৩৩ নাম্বার ওয়ান বিজনেসম্যান, সন্ধে ৬.০০ ইন্টারন্যাশনাল রাউডি, রাত ৯.০০ হিম্মতবর

স্টার গোল্ড ঃ সকাল ১০.০৫ সন অফ সর্দার, দুপুর ১.৪০ অ্যাকশন জ্যাকসন, বিকেল ৪.৫০ গোলমাল-থ্রি, সন্ধে ৭.৫৫ সিংহম রিটার্নস, রাত ১১.০০ ধামু

এইচবিও ঃ দুপুর ২.১১ দ্য শ্যালোজ, বিকেল ৪.২০ ওয়ান্ডার উইমেন, সন্ধে ৬.৪২ প্যাসিফিক রিম, রাত ৯.০০ দ্য রাইজ অফ কোবরা, ১১.০৫ দ্য অ্যাংরি বার্ডস